



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৪৭১

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৮

২১ মে ২০২১

বিষয়: **M.V. SHOUMI ISLAM, M.V. DATTAPARA, M.V. NITYA** বার্জসমূহে সূচির অপরিবাহিত মোট ১২১৫.২১৫ মে.টন সিদ্ধ চাল খুলনা বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে সূচি জারির অনুমোদন প্রদান

- সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১৮/০৫/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.১৯.২২৯৭ নং স্মারক,
২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১৯/০৫/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.১৯.২৩৩৬ স্মারক
৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১৯/০৫/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.১৯.২৩৪০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, M.V. SHOUMI ISLAM বার্জটির ১১০০ মে.টন চাল গত ২৭/০৪/২০২১ খ্রি. তারিখে মহেশ্বরপাশা সিএসডি ঘাটে খালাস শুরু হয়। দেশব্যাপি লকডাউন জনিত কারণে কিছু সংখ্যক ঠিকাদারের অনুপস্থিতি ও ট্রাক স্বল্পতার কারণে খালাস কার্যক্রমে ধীরগতি সৃষ্টি হওয়ায় সিআরটিসির অনুকূলে সূচির অবশিষ্ট ৩৫৫.২১৪ মে.টন চাল খালাসের নিমিত্ত খুলনা বিভাগের বিভিন্ন এলএসডিতে প্রেরণের জন্য ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

এছাড়া M.V. DATTAPARA বার্জ হতে মেহেন্দীগঞ্জ এলএসডিতে ডিভিসিসি ঠিকাদারের অনুকূলে উপসূচি জারি করা হয়। কিন্তু সূচি প্রাপ্ত ঠিকাদার ১৩৯.৯৯৯ মে.টন চাল পরিবহণ করায় ১৬০.০০১ মে.টন চাল অপরিবাহিত রয়েছে। উক্ত অপরিবাহিত চাল নৌপথে প্রেরণের সুযোগ না থাকায় দ্রুত বার্জ খালাসের স্বার্থে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর সাথে আলোচনাক্রমে ১৬০.০০১ মে.টন চাল খুলনা সিএসডিতে উত্তোলনের জন্য সড়ক পথে সূচি জারি করা হয়েছে এবং অনুমোদন প্রদানের জন্য সূত্রস্ব ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

সূত্রস্ব ৩ নং স্মারকে M.V. NITYA বার্জ হতে ৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে সিআরটিসি অনুকূলে ৭০০ মে.টন, খুলনা সিএসডির অনুকূলে ৮০০ (+/-) মে.টন ও মহেশ্বরপাশা সিএসডির অনুকূলে ৭০০ মে.টন চাল প্রেরণের সূচি জারি করা হয়। কিন্তু বার্জটির ড্রাফট বেশি হওয়ার কারণে মহেশ্বরপাশা সিএসডির ৭০০ মে.টন চাল মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে খালাস করা সম্ভব নয়। ফলে উক্ত বার্জের মহেশ্বরপাশা সিএসডির অনুকূলে সূচিকৃত ৭০০ মে.টন চাল খালাসের নিমিত্ত এবং তেরখাদা ও পাইকগাছা এলএসডিতে চাহিদা পূরণের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনাকে সূচি প্রদান/ক্ষমতা প্রদানের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর প্রস্তাবমতে M.V. SHOUMI ISLAM, M.V. DATTAPARA, M.V. NITYA বার্জসমূহে সূচির অপরিবাহিত যথাক্রমে ৩৫৫.২১৪ মে.টন, ১৬০.০০১ মে.টন ও ৭০০ মে.টনসহ মোট ১২১৫.২১৫ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে সূচি জারির মাধ্যমে বার্জের চাল দ্রুত খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-৫-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৪৭১/১(৮)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৮
২১ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



২১-৫-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপপরিচালক